

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ।

উন্নয়নের গণস্বপ্ন
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.১৬.০০০০.০১৪.০৩১(১৯).৩৮.১৯/৫৪২

তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রিঃ

“ প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি ”

এতদ্বারা আগ্রহী ক্রেতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নগর ভবনের লাইসেন্স শাখায় রক্ষিত রিক্সার ২৫০ টি ছোট ব্যাটারী এবং মডুল পাড়া গ্যারোজে রক্ষিত বিভিন্ন সাইজের ২৩ টি ব্যাটারি যেখানে যে অবস্থায় আছে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রির লক্ষ্যে আগামী ১৪/১১/২০১৯ ইং রোজ বৃহস্পতি বার সকাল ১০.০০ ঘটিকায় কাউন্সিলরগণের অফিস কক্ষে এক নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত ডাকে অংশগ্রহণে আগ্রহীগণকে বর্ণিত তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে ১৯.০০ ঘটিকা পর্যন্ত নগদ ২০,০০০/- টাকা জমা দিয়ে ডাক দাতা হিসাবে অন্তরভুক্ত হতে হবে। উক্ত নিলাম ডাকে আগ্রহী ক্রেতা সাধারণকে বর্ণিত তারিখ ও সময়ে নগর ভবনে উপস্থিত থেকে ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে, আগ্রহী ডাক দাতাগণ বর্ণিত নিলাম ডাক বিষয়ে যে কোন তথ্য জানার জন্য নগর ভবনের সাধারণ শাখায় যোগাযোগ করা যেতে পারে। ডাকদাতার প্রদত্ত ডাক গৃহিত হলে সম্পূর্ণ টাকা জমা সাপেক্ষে ব্যাটারী সমূহ ফাটিয়ে সরবরাহ করা হবে।

উল্লেখ্য যে, ভ্যাট ও আয়করসহ নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ডাক কম/অপর্যাপ্ত অনুভূত হলে নিলাম কমিটি ডাক বাতিল করে ঐ দিনই ডাকের পরবর্তী তারিখ ও সময় সকলকে অবহিত করে দিবে। নিলাম সম্পর্কিত যাবতীয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(অসিত বরন বিশ্বাস)

আহবায়ক
নিলাম কমিটি।
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১৪.০৩১(১৯).৩৮.১৯/৫৪২/১(৪৩)

তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

১। কাউন্সিলর (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।


২। জনাব ----- (সদস্য সংশ্লিষ্ট নিলাম কমিটি), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (তাকে বর্ণিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলাম ডাক পরিচালনার জন্য অনুরোধ করা হলো)।

৩। পি.এ. টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নগর ভবন/কদমরসুল অঞ্চল/সিদ্ধিরগঞ্জ অঞ্চল। (বর্ণিত বিজ্ঞপ্তি জনবহুল এলাকায় এবং বিভিন্ন অফিসে নোটিশ বোর্ডে টাঙানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৫। জনাব শাহাদাৎ হোসেন সুমন, লাইসেন্স পরিদর্শক, (তাকে ব্যাটারী ফাটিয়ে ডাক প্রাপককে বুঝিয়ে দেয়ার জন্য বলা হ'ল)।

৬। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (০৩টি আঞ্চলিক কার্যালয়), প্রধান ডাকঘর, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপার কার্যালয়, এলজিইডি, সাব-রেজিষ্ট্রি অফিস, খানপুর ও ডিক্টোরিয়া হাসপাতাল, ভূমি অফিস, নারায়ণগঞ্জ।


(অসিত বরন বিশ্বাস)

আহবায়ক
নিলাম কমিটি।
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।